

২০২৪

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : LCC(2)-2

(সাময়িকপত্র ও কথাসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব আলোচনা করো। ১০
অথবা,
(খ) রবীন্দ্রোত্তর আধুনিক বাংলা কবিতার ইতিহাসে 'কবিতা' পত্রিকার ভূমিকা পর্যালোচনা করো। ১০
- ২। (ক) 'রজনী' উপন্যাসের অপ্রধান চরিত্রগুলি আলোচনা করে উপন্যাসে তাদের উপযোগিতা বিচার করো। ১০
অথবা,
(খ) 'রজনী' উপন্যাসের গঠন-কৌশল বিচার করো। ১০
- ৩। (ক) সাবিত্রী রায়ের 'অন্তঃসলিলা' গল্পটিতে আসলে পুরুষতান্ত্রিক সমাজের নারীপীড়নের একটি রূপকে তুলে ধরা হয়েছে।—
আলোচনা করো। ১০
অথবা,
(খ) নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'রেকর্ড' গল্পটিকে কোন জাতীয় গল্প বলা যেতে পারে? গল্পটির নামকরণের সার্থকতা আলোচনা
করো। ১+৯
- ৪। (ক) 'তত্ত্ববোধিনী' পত্রিকার প্রতিষ্ঠাতা কে? কার সম্পাদনায় পত্রিকাটি প্রকাশিত হয়? বাংলা গদ্যের বিকাশে পত্রিকাটির ভূমিকা
সংক্ষেপে লেখো। ১+১+৩
অথবা,
(খ) বাংলা সাহিত্যে 'প্রগতি' পত্রিকার অবদান সম্পর্কে আলোচনা করো। ৫
- ৫। (ক) 'রজনী' উপন্যাসের হরলাল চরিত্রটির পরিচয় দাও। ৫
অথবা,
(খ) 'রজনী' উপন্যাসের যে-কোনো একটি বিস্ময়কর ঘটনার কথা উল্লেখ করো। ৫

Please Turn Over

৬। (ক) 'টোবাটেক সিং'- গল্পটির মূল বক্তব্য নিজের ভাষায় সংক্ষেপে লেখো।

৫

অথবা,

(খ) 'চোর' গল্পে তিনটি কিশোরের মনস্তত্ত্বকে লেখক তুলে ধরেছেন।— আলোচনা করো।

৫

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো।

৫×১

(ক) সবুজপত্র

(খ) 'রজনী' উপন্যাসে বিদেশি সাহিত্যের প্রভাব।

(গ) 'ছোটলোক' গল্পের রাঘব সরকার।

৮। সংক্ষেপে পূর্ণ বাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) 'ভারতী' পত্রিকার বার্ষিক মূল্য কত টাকা ছিল?

(খ) 'কল্লোল' পত্রিকার সহকারী সম্পাদক কে ছিলেন?

(গ) কার সম্পাদনায় কত খ্রিস্টাব্দে 'পরিচয়' পত্রিকা প্রকাশিত হয়?

(ঘ) কত খ্রিস্টাব্দে কাদের দ্বারা 'সমাচার দর্পণ' প্রকাশিত হয়?

(ঙ) 'সংবাদ প্রভাকর' পত্রিকার দৈনিক সংস্করণ কত খ্রিস্টাব্দ থেকে প্রকাশিত হতে শুরু করে?

(চ) রজনী চরিত্রটি কোন চরিত্রের আদর্শে রচিত হয়েছে?

(ছ) রজনী কার কাছে লালিত-পালিত হয়েছিল?

(জ) "ছোটবাবুর বড়ো বিদ্যার গৌরব ছিল"— ছোটবাবু কে?

(ঝ) 'রজনী' উপন্যাসে প্রাচীন ও নবীন কে কে ছিলেন?

(ঞ) কার স্বার্থ ত্যাগে শচীন্দ্র ও রজনীর বিয়ে হয়েছিল এবং তাদের ছেলের নাম কী?

(ট) 'চোর' গল্পের আসল চোরের নাম কী?

(ঠ) 'রেকর্ড' গল্পটি কোন বিশ্বযুদ্ধের পটভূমিকায় লেখা?

(ড) "মানুষ না, আমরা যেন কুত্তার বাচ্চা হইয়া গেছি," — কার উক্তি?

(ঢ) দেবব্রত ধীরে ধীরে পা চালিয়ে কার দিকে এগিয়ে গিয়েছিল?

(ণ) ইসলামপুর ফাঁড়ির কাছাকাছি কোন ঘটনার কথা বলা হয়েছে?